গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
জেস্টিক (প্যামস্টেক) অনুবিভাগ

স্মারক নং ২০.০২.০০০০.০২২.১৪.০৩৪.১৮.৪৯

তারিখ: ১৪ আষাঢ় ১৪৩৩
২৮ জুন ২০২৬

**বিষয়ঃ "ফলাফলভিত্তিক পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির কার্যকর ব্যবহারে আইএমইডি'র সক্ষমতা বৃদ্ধি (২য় সংশোধিত)" শীর্ষক বিনিয়োগ প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "ফলাফলভিত্তিক পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির কার্যকর ব্যবহারে আইএমইডি'র সক্ষমতা বৃদ্ধি (২য় সংশোধিত)" শীর্ষক বিনিয়োগ প্রকল্পের ওপর গত ০৪/০৬/২০২৬ তারিখে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৮/০৬/২০২৬

(মো: মিজানুর রহমান))
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৪৮১১৫৮৪৪

সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
শেরে বাংলা নগর
ঢাকা।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), শেরেবাংলা নগর, ঢাকা।
০৫। প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
০৬। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
০৭। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৯। যুগ্মপ্রধান, জেস্টিক (প্যামস্টেক) অনুবিভাগ , আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১০। উপপ্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, জেস্টিক (প্যামস্টেক) অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

**অনুলিপি: সদয় অবগতির/অগতির জন্য**

১। সদস্য (সচিব) মহোদয়ের একান্ত সচিব, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ভবন-১৩, কক্ষ-১০, পরিকল্পনা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
জেস্টিক (প্যামস্টেক) অনুবিভাগ
www.plancomm.gov.bd

**বিষয়: ‘‘ফলাফলভিত্তিক পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির কার্যকর ব্যবহারে আইএমইডি’র সক্ষমতা বৃদ্ধি (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের বিষয়ে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ০৪/০৬/২০২৬ তারিখ, দুপুরঃ ১২.০০ ঘটিকা |
| সভাপতি | : | মিজ্ নাসরীন জাহান, সদস্য (সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ |
| সভার স্থান | : | আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ এর সম্মেলন কক্ষ (ভবন-২, কক্ষ-১১), বাংলাদেশ পরিকল্পনা কমিশন। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-‘ক’ |

সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে প্রধান (অতিরিক্ত সচিব), প্রকল্প প্রস্তাব বিষয়ক প্রাথমিক তথ্যাদি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক ‘‘ফলাফলভিত্তিক পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির কার্যকর ব্যবহারে আইএমইডি’র সক্ষমতা বৃদ্ধি (প্রস্তাবিত ২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি ১ম সংশোধিত প্রকল্প ব্যয় ২৫.৮১৩৪ কোটি টাকা হতে ১৮.১৬৩৯ (৭০.৩৬%) কোটি টাকা বৃদ্ধি করে মোট প্রাক্কলিত ব্যয় ৪৩.৯৭৭৩ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে যা জানুয়ারি ২০২১ হতে জুন ২০২৮ মেয়াদে (০২ বছর বৃদ্ধিসহ) বাস্তবায়নের নিমিত্ত অনুমোদনের জন্য বাংলাদেশ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান, আলোচ্য প্রকল্পটি ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপিতে মোট ৬.০২৩৬ কোটি বরাদ্দসহ অন্তর্ভুক্তি আছে।

**২.০। আলোচনাঃ**

২.১। প্রকল্প গ্রহণের যৌক্তিকতা এবং লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে আইএমইডি’র প্রতিনিধি বলেন যে, প্রকল্পটির মূল উদ্দেশ্যসমূহ হলো (ক) এডিপিভুক্ত সকল চলমান প্রকল্পের প্রকল্প পরিচালকগণকে প্রয়োগিক প্রশিক্ষণ প্রদান; (খ) আইএমইডি’র কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান ও সক্ষমতা উন্নয়ন (গ) মাঠপর্যায়ে প্রকল্প পরিবীক্ষণ কার্যক্রম দ্রুততার সাথে সম্পাদনের লক্ষ্যে আইএমইডি’র লজিস্টিক সুবিধা বৃদ্ধি করা। তিনি প্রাক্কলনসহ সকল আনুষঙ্গিক বিষয়াদি বাস্তবায়নকারী সংস্থা আইএমইডি’র পক্ষ হতে সভায় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। এর ধারাবাহিকতায় সভায় অংশগ্রহণকারীগণ বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন এবং নিজ নিজ মতামত উপস্থাপন করেন।

২.২ প্রকল্পটি জুন ২০২৬ হতে জুন ২০২৮ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তাব করা হয়েছে। যেহেতু বর্তমানে ২০২৬ সালের জুন মাস চলমান সেহেতু বাস্তবতার নিরিখে প্রকল্পের মেয়াদ জুন ২০২৬ থেকে জুন ২০২৮ সাল পর্যন্ত নির্ধারণ করার বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন।

২.৩ সভাপতি বলেন, প্রকল্প পরিদর্শন সংক্রান্ত মতামত সঠিকভাবে অন্তর্ভুক্ত করতে হবে, প্রত্যয়ন পত্র এবং প্রশিক্ষণ শেষে সনদপত্র প্রদানের ব্যবস্থা নেয়া দরকার। ব্যয় বিভাজন খাতে যেখানে বেশি ব্যয়ের উল্লেখ রয়েছে তার যৌক্তিকতা উল্লেখ করা প্রয়োজন।

২.৪ প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ বলেন, প্রকল্পটি নির্বাচনী ইশতেহারের সাথে সামঞ্জস্যপূর্ণ করা প্রয়োজন। তিনি আরো বলেন, সমজাতীয় দেশের সাথে মিল রেখে বৈদেশিক প্রশিক্ষণ করা দরকার। স্ট্রাটেজিক প্লানের একটা গুরুত্বপূর্ণ component হচ্ছে inter-operating softaware। IBAS, ePMIS এবং ERD এর Software গুলো একই আমব্রেলার আওতায় সন্নিবেশ করা দরকার। তিনি আরো বলেন, পূর্বের সিদ্ধান্ত অনুযায়ী গাড়ী হায়ারিং এর প্রাক্কলন সংযুক্ত করা হয়নি যা সংযুক্ত করতে হবে।

২.৫। আইএমইডি'র প্রতিনিধি হায়ারিং চার্জ এর বিষয়ে বলেন, প্রকল্পের আওতায় ৬টি জিপ গাড়ি ও ১টি মাইক্রোবাস আউটসোসিং এর মাধ্যমে ভাড়া নেয়া হয়েছে, এখাতে আরএডিপিতে ৯৯৭.০৮ লক্ষ টাকার সংস্থান রয়েছে। প্রকল্পের মেয়াদ ০২ বছর বৃদ্ধি পাবে বিধায় বর্ধিত সময়ে উল্লিখিত গাড়িসমূহ ভাড়ার মাধ্যমে সংস্থানের জন্য হায়ারিং চার্জ বাবদ বিবেচ্য সংশোধনীতে ১৪০.০০ লক্ষ টাকা বৃদ্ধি করে মোট ১১৩৭.০৮ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। অভ্যন্তরীণ প্রশিক্ষণ সম্পর্কে আইএমইডি'র প্রতিনিধি বলেন, অভ্যন্তরীন প্রশিক্ষণের আওতায় প্রকল্প ব্যবস্থাপনা ও ePMIS সফটওয়্যার বিষয়ে পরিকল্পনা কমিশন, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি, প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালকসহ মোট ৮২৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ইতোমধ্যে প্রকল্প পরিচালক পর্যায়ে অনেক পরিবর্তন হয়েছে ও আইএমইডি'তে কর্মরত বিভিন্ন ক্যাডারের কর্মকর্তার সংখ্যা বৃদ্ধি পেয়েছে। আইএমইডি'র কর্মকর্তা/কর্মচারীদের ফলাফলভিত্তিক প্রকল্প পরিবীক্ষণ ePMIS সফটওয়্যার প্রশিক্ষণ এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন ইত্যাদি প্রাসঙ্গিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। এখাতে, ১ম সংশোধিত ডিপিপিতে সংস্থানকৃত ২৩০.০০ লক্ষ টাকা হতে ৯২৪.৪০ লক্ষ টাকা (৬৬০ জন) বৃদ্ধি করে মোট ১১৫৪.৪০লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ বলেন, আইএমইডিসহ পরিকল্পনা বিভাগ এবং পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টরের কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ কার্যক্রমের সংস্থান থাকা প্রয়োজন, এ বিষয়ে সভায় সকলেই একমত পোষণ করেন।

২.৬। জেস্টিক অনুবিভাগের যুগ্ম-প্রধান জানান যে, গাড়ীর হায়ারিং চার্জসমূহ অর্থবিভাগের পরিপত্র অনুযায়ী প্রাক্কলন করা হয়েছে কিনা তা যাচাইসহ ক্রয়ের ধরণ, ক্রয় অনুমোদনকারী ও তারিখসমূহ নতুন করে বিন্যাস করা দরকার। পূর্বের ডিপিপি অনুযায়ী গাড়ী হায়ারিং সহ আরো কিছু খাতে অর্থ অব্যয়িত থাকলেও নতুন করে বেশি হারে অর্থ খাতসমূহে প্রস্তাব করা হয়েছে। একইসাথে অভ্যন্তরীণ প্রশিক্ষণ খাতেও অর্থ সাশ্রয় করা দরকার মর্মে তিনি মত প্রকাশ করেন।

২.৭। সভাপতির জিজ্ঞাসার প্রেক্ষিতে জেস্টিক অনুবিভাগের উপপ্রধান জানান, পূর্বের সংশোধনীতে পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী গাড়ীর সংখ্যা, গাড়ীর ধরণ আরডিপিপিতে সংযোজন করা প্রয়োজন ছিলো। মন্ত্রণালয় হতে প্রেরিত আরডিপিপিতে প্রকল্পের জনবলের বিষয়ে উল্লেখ নেই, জনবল অংশে দায়িত্বভাতার প্রাপ্যতা সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি।

২.৮। সভায় পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এবং আর্থিক ক্ষমতা অর্পণ অধ্যাদেশ ২০২৬ অনুযায়ী ক্রয়ের একক, পরিমাণ, ক্রয় পদ্ধতি, ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ যথাযথভাবে লিপিবদ্ধ ও প্যাকেজসমূহ সঠিকভাবে প্রণয়ন করার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।

২.৯। বিপিপিএ এর প্রতিনিধি বলেন টেন্ডার ও ক্রয় প্রক্রিয়াকরণ এ পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে এবং দরপত্র আহ্বানের ক্ষেত্রে যথাবিধি নতুন ক্রয় প্রক্রিয়াকরণ অনুসরণ করতে হবে এবং পিআইসি ও পিএসসি সভার কমিটির ফরম্যাট সঠিকভাবে অনুসরণ করতে হবে। Individual Consultant এর TOR আরডিপিপিতে উল্লেখ করা, cost breakdown আরো সুনির্দিষ্ট করা, হায়ারিং এর ক্ষেত্রে fixed cost উল্লেখ না করে milage এর ভিত্তিতে নির্ধারণ করা আবশ্যক মর্মে তিনি মত প্রকাশ করেন।

২.১০। অর্থ বিভাগ এর প্রতিনিধি জানান যে, বৈদেশিক প্রশিক্ষণ আপাতত বন্ধ আছে। যদি বৈদেশিক প্রশিক্ষণ শুরু হয় তবে অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশন/বিভাগ থেকে ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদেরকে যোগ্যতা অনুযায়ী অন্তর্ভুক্ত করা যেতে পারে।

২.১১। কার্যক্রম বিভাগের প্রতিনিধি বলেন, অভ্যন্তরীণ প্রশিক্ষণ ও ভিজিটসমূহ আরো অর্থপূর্ণ করা এবং জিপিএমএস অনুযায়ী মূল্যায়ণ প্রতিবেদন এবং ভিজিটের প্রমাপ বাস্তবায়ন করার ব্যবস্থা নেয়া যেতে পারে।

২.১২। সভায় প্রকল্পের আওতায় অভ্যন্তরীন প্রশিক্ষণ, বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার এবং কনফারেন্স ব্যয়, অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি, গবেষণা ব্যয় স্পেসিফিকেশনসহ বিস্তারিত ব্যয় বিভাজন যথাযথভাবে আরডিপিপিতে সংযোজন করার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে, সেমিনার এবং কনফারেন্স ব্যয় খাতে (ইকনমিক সাব-কোড; ৩২১১১১১) প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী ৩২০.৩৬ লক্ষ টাকা থেকে কমিয়ে ২০০.০০ লক্ষ টাকা, বীজ ও উদ্ভিদ খাতে (ইকনমিক সাব-কোড; ৩২৫১১০৯) প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী ৪.০০ লক্ষ টাকা থেকে কমিয়ে ২.০০ লক্ষ টাকা, অভ্যন্তরীণ প্রশিক্ষণ খাতে (ইকনমিক সাব-কোড; ৩২৩১৩০১) ৬১৫.৭৫ লক্ষ টাকা, বৈদেশিক প্রশিক্ষণ খাতে (ইকনমিক সাব-কোড; ৩২৩১৩০১) ৪৭৭.০০ লক্ষ টাকা, গবেষণা খাতে (ইকনমিক সাব-কোড; ৩২৫৭১০৩) ১৭৫.০০ লক্ষ টাকার পরিবর্তে ১২০.০০ লক্ষ টাকা নির্ধারণ করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৩.০। সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রতিপালন সাপেক্ষে **"ফলাফলভিত্তিক পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির কার্যকর ব্যবহারে আইএমইডি'র সক্ষমতা বৃদ্ধি (প্রস্তাবিত ২য় সংশোধিত)"** শীর্ষক প্রকল্প প্রস্তাব অনুমোদনের জন্য সুপারিশ করা হয়ঃ

৩.১। প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুন ২০২১ হতে জুন ২০২৬ এর পরিবর্তে আরো ২ বছর বৃদ্ধি করে জুন ২০২১ হতে জুন ২০২৮ সাল পর্যন্ত নির্ধারণপূর্বক আরডিপিপি পুনর্গঠন করতে হবে।

৩.২। প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা সুনির্দিষ্টভাবে পুনর্গঠিত আরডিপিপিতে উল্লেখ করতে হবে।

৩.৩। গাড়ীর হায়ারিং চার্জসমূহ অর্থবিভাগের পরিপত্র অনুযায়ী যাচাইপূর্বক প্রাক্কলন করতে হবে।

৩.৪। প্রকল্পের আওতায় কনসালটেন্সি খাতের প্রয়োজনীয়তা, বিস্তারিত ব্যয় বিভাজন, মেয়াদকাল ও পরামর্শকের কর্মপরিধি আরডিপিপিতে সংযোজন করতে হবে।

৩.৫। আলোচনা অংশে অনুচ্ছেদ ২.১২ অনুযায়ী প্রকল্পের আওতায় অভ্যন্তরীণ প্রশিক্ষণ, বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার এবং কনফারেন্স ব্যয়, অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি, গবেষণা ব্যয় স্পেসিফিকেশনসহ যৌক্তিকীকরণপূর্বক বিস্তারিত ব্যয় বিভাজন ও সংখ্যা/পরিমাণ যথাযথভাবে আরডিপিপিতে উল্লেখ করতে হবে।

৩.৬। আইএমইডিসহ পরিকল্পনা বিভাগ এবং পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টরের কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ কার্যক্রমের সংস্থান করতে হবে।

৩.৭। সর্বশেষ আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ ২০২৬ এবং পিপিএ ২০০৬ ও পিপিআর ২০২৫ অনুযায়ী ক্রয় পরিকল্পনা প্রনয়ন করতে হবে এবং তারিখসমূহ বর্ণিত মেয়াদের সাথে সামঞ্জস্যতা রেখে প্রদান করতে হবে।

৩.৮। সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা-২০২২ এর সংশ্লিষ্ট অনুচ্ছেদ অনুযায়ী প্রকল্প স্টিয়ারিং কমিটি ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করতে হবে।

৩.৯। এমটিবিএফ ও অর্থায়ন পরিকল্পনা সংক্রান্ত ছক সঠিকভাবে পূরণ ও স্বাক্ষরপূর্বক পুনর্গঠিত ডিপিপিতে সংযুক্ত করতে হবে। প্রকল্পের রিটার্ন অন ইনভেস্টমেন্ট সম্পর্কে বিস্তারিত বিবরণ সংযুক্ত করতে হবে।

৩.১০। প্রস্তাবিত প্রকল্পের সম্পাদনাজনিত ত্রুটি/বিচ্যুতি ও অন্যান্য অসংগতি সংশোধনপূর্বক ডিপিপি পুনর্গঠন করতে হবে এবং পুনর্গঠিত ডিপিপি নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে প্রেরণ করতে হবে।

৩.১১। এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে সামাজিকভাবে নাগরিকগণ কিভাবে সরাসরি উপকৃত হবে তার বিবরণ এবং একই সাথে নির্বাচনী ইশতেহার ২০২৬ এর সাথে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য কিভাবে সংগতিপূর্ণ তা পুনর্গঠিত ডিপিপিতে উল্লেখ করতে হবে।

৩.১২। উপর্যুক্ত সিদ্ধান্ত সমূহের আলোকে ডিপিপি পুনর্গঠন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৪.০। আলোচনান্তে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৫/২০২৬

(নাসরীন জাহান)
সদস্য (সচিব)